

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৫৯

১/ বিবিধ

আরবী

صام نوح عليه الصلاة والسلام الدهر إلا يوم الفطر ويوم الأضحى
ضعيف

أخرجه ابن ماجه (1 / 524) من طريق ابن لهيعة عن جعفر بن ربيعة عن أبي فراس أنه سمع عبد الله بن عمر يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم يقول ... فذكره

قال البوصيري في " الزوائد " (ق 108 / 2) : هذا إسناد ضعيف لضعف ابن لهيعة قلت: وبقيه رجال الإسناد ثقات، وأبو فراس اسمه يزيد بن رباح السهمي المصري قال العجلي في " الثقات " (رقم 1572 - نسختي) : مصري (الأصل: بصري) تابعي ثقة، وهو من رجال مسلم، وقد خفي هذا على المنذري في " الترغيب " (2 / 82) ثم الهيثمي في " المجمع " (3 / 195) فقالا: إنه لا يعرف، وبه أعلا الحديث وقد أوردها بزيادة من رواية الطبراني في " الكبير "، وإنما علته ابن لهيعة كما سبق، ثم إن الحديث لو صح لم يجز العمل به لأنه من شريعة من قبلنا، وهي ليست شريعة لنا على ما هو الراجح عندنا، ولا سيما وقد ثبت النهى عن صيام الدهر في غير ما حديث عنه صلى الله عليه وسلم حتى قال صلى الله عليه وسلم في رجل يصوم الدهر: وددت أنه لم يطعم الدهر

رواه النسائي (1 / 324) ، بسند صحيح

৪৫৯ (ঈদুল) ফিতর এবং যুহর (কুরবানী) দিন বাদ দিয়ে নূহ (আঃ) সারা বছর ধরে সওম পালন করেছেন।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু মাজাহ (১/৫২৪) ইবনু লাহী'য়াহ সূত্রে জাফার ইবনু রাবীয়াহ হতে ... বর্ণনা করেছেন।

বুসয়র “আয-যাওয়াইদ” গ্রন্থে (কাফ ১০৮/২) বলেনঃ ইবনু লাহীয়াহ দুর্বল হওয়ার কারণে সনদটি দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ সনদের অন্যান্য বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য।

মুনযেরী “আত-তারগীব” গ্রন্থে (২/৮২) আবু ফারাসকে চেনা যায় না হিসাবে উল্লেখ করেছেন। তা ঠিক নয়, কারণ তার নাম হচ্ছে ইয়াযীদ ইবনু রাবাহ আস-সাহমী মিসরী। আজালী তাকে “আস-সিকাত” গ্রন্থে (নং ১৫৭২) উল্লেখ করেছেন। তিনি তাবেঈ নির্ভরযোগ্য। তিনি ইমাম মুসলিমের বর্ণনাকারী।

এছাড়া যদি হাদীসটি সহীহও হয়; তবুও তার উপর আমল করা জায়েয হবে না। কারণ এটি ছিল আমাদের পূর্ববর্তীদের শারীয়াতে। সেটি আমাদের শারীয়াত নয়। কারণ আমাদেরকে সিয়ামুদ দাহার হতে নিষেধ করা হয়েছে, যা নাসাঈ (১/৩২৪) সহীহ্ সনদে বর্ণনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68044>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন